

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।  
<http://habiganjsadar.habiganj.gov.bd/>


স্মারক নং: ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২৫-৬৭

তারিখ: ২৯ জানুয়ারি ২০ ২৫ খ্রি.

বিষয়: ইউনিয়ন ডিজিটাল সেন্টার(ইউডিসি)-এর কার্যক্রম প্রসঙ্গে।

সূত্র: জেলা আইসিটি বিষয়ক কমিটির ডিসেম্বর ২০২৪ মাসের সভার কার্যবিবরণী-এর ০৭.০১.২০২৫ খ্রি. তারিখের স্মারক নম্বর ০৫.৪৬.৩৬০০.০১৪.০১.০০৯.১৬

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উদ্ভাবনী বাংলাদেশ বিনির্মাণে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সরকারি সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) গুলো নিরলস কাজ করে যাচ্ছে। কিন্তু বিগত কিছুদিন যাবৎ লক্ষ্য করা যাচ্ছে যে, ইউডিসিগুলোতে সেবার মূল্য তালিকা যথাযথ স্থানে প্রদর্শিত হচ্ছে না ও সেবা রেজিস্টার সংরক্ষণ হচ্ছে না এবং সেইসাথে উদ্যোক্তাগণ তাদের আয়ের তথ্য নিয়মিতভাবে সফটওয়্যারে আপলোড করছেন না। এমতাবস্থায় জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সরকারি সেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে ইউডিসিগুলোতে সেবা মূল্য তালিকা দৃশ্যমান স্থানে প্রদর্শন এবং সেবা রেজিস্টার যথাযথভাবে ব্যবহার করা, আয়ের তথ্য নিয়মিতভাবে একসেবা সফটওয়্যারে আপলোড করা এবং পরিদর্শন বহিঃ সংরক্ষণ করার ব্যাপারে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(রঞ্জন চন্দ্র দে)  
উপজেলা নির্বাহী অফিসার  
এবং  
সভাপতি  
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি  
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

উদ্যোক্তা(সকল),  
ইউনিয়ন ডিজিটাল সেন্টার  
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০২. প্রোগ্রামার(ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হবিগঞ্জ।
০৩. অফিস কপি।